# একটি একতলা বিশিষ্টি (প্রায় ৫৭০০ বর্গফুট) পুরাতন পাকা ভবন বিক্রয়ের সবিস্তার বিবরণী

ইউসেপ বাংলাদেশ এর চট্টগ্রাম কার্যালয় একেখান, টিভিইট কমপ্লেক্স (ওয়াসা রোড, মহরা, কালুরঘাট, চট্টগ্রাম)

**"একটি এক তলা বিশিষ্ট পুরাতন পাকা ভবন ও অন্যান্য মালামাল বিক্রির জন্য দরপত্র বিজ্ঞপ্তি"**

ইউসেপ বাংলাদেশ চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের আওতাধীন একেখান ইউসেপ টিভিইট কমপ্লেক্স একটি এক তলা বিশিষ্টি (প্রায় ৫৭০০ বর্গফুট) পুরাতন পাকা ভবন বিক্রয়ের নিমিত্ত দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন সংশ্লিষ্ট লব্ধ প্রতিষ্ঠান হতে দরপত্র আহবান করা হচ্ছে। নির্বাচিত দরদাতাকে নিজ দায়িত্বে ভবন ভেঙ্গে সমস্থ মালামাল সরিয়ে নিতে হবে। উক্ত স্থাপনাটি ক্রয়ের জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নিমোক্ত "ছক" পূরণ অনুযায়ী সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সিলমোহরকৃত খামে দরপত্র_আহ্বান করা যাচ্ছে আগ্রহী দরদাতাকে প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্সের মূল অথবা ফটোকপি প্রদর্শন সাপেক্ষে ইউসেপ বাংলাদেশের প্রধান কার্যালয়, প্রশাসন শাখা (৩য় তলা), প্লট নং-২ ও ৩, মিরপুর-২, ঢাকা-১২১৬ অথবা ইউসেপ কালুরঘাট টেকনিক্যাল স্কুল চট্টগ্রাম অফিস হতে আগামী ১০/১১/২০২৫ থেকে ১৯/১১/২০২৫ ইং তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত দরপত্র ক্রয় করা যাবে। দরপত্র ২০/১১/২০২৫ ইং তারিখ বেলা ০২:০০ ঘটিকার মধ্যে ইউসেপ বাংলাদেশ এর দ্বিতীয় তলায় রক্ষিত টেন্ডার বাক্সে মুখবন্ধ খামে দাখিল করতে হবে অথবা ইউসেপ কালুরঘাট টেকনিক্যাল স্কুল চট্টগ্রাম অফিস দাখিল করতে হবে । দরপত্র একই দিন বেলা ০২:৩০ ঘটিকায় দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ থাকেন) খোলা হবে। তফসিল ক্রয়ের মূল্য ৫০০.০০ (পাঁচ শত টাকা মাত্র) অফেরতযোগ্য। কাজের নাম,

ধরণ, বিবরণ ও পরিমান ইউসেপ বাংলাদেশ এর ওয়েবসাইট (http://tender.ucepbd.org) থেকে সংগ্রহ করা যাবে। দরপত্রে উল্লেখিত মোট মূল্যের উপর ২.৫% আর্নেষ্ট মানি হিসাবে যে কোন তফসিল ব্যাংক হতে ক্রয়কৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ইউসেপ বাংলাদেশ এর অনুকুলে জমা দিতে হবে। উল্লেখ্য যে, কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার সার্বিক অধিকার সংরক্ষণ করেন।

**ঠিকাদার নির্বাচন পদ্ধতি-** সর্বোচ্চ মূল্য প্রদানকারী।

নির্বাচিত ব্যাক্তি/ঠিকাদারের বিল্ডিং এর মূল্য পরিশোধের পদ্ধতি- পে অর্ডারের অথবা ব্যাংক ট্রান্সফার এর মাধ্যমে।

ছক

| | |
|---|---|
| দরপত্র দাতার নাম: | পিতার নাম: |
| স্থায়ী ঠিকানা: | বর্তমান ঠিকানা |
| ডাকঘর: | ডাকঘর: |
| জেলা: | ডাকঘর: |
| মোবাইল নম্বর: | |
| জাতীয় পরিচয় পত্রের নম্বর: | |

| ক্রমিক নং | ভবনের বিবরণ | উদ্ধৃত দরপত্র মূল্য ভ্যাট ট্যাক্স সহ (টাকায়) অংকে ও কথায় |
|---|---|---|
| ০১ | ভবন- একতলা ভবন<br>প্লিন্থ এরিয়া- ৫৭০০ বর্গফুট | |

দরদাতার স্বাক্ষর

## শর্তাবলী

**১ (ক)।** দরপত্রের সাথে ফেরতযোগ্য জামানত হিসেবে যে কোন সিডিউল ব্যাংক হতে ইউসেপ বাংলাদেশের অনুকূলে প্রদত্ত দরের ২.৫% পে-অর্ডার দাখিল করতে হবে। জামানত ব্যতিত কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না। কৃতকার্য ব্যাক্তি/প্রতিষ্ঠানের জামানত কার্য সম্পাদনের পর ফেরত দেয়া হবে।

**১ (খ)। দরপত্র প্রক্রিয়ায় অংশগ্রহণ করে নির্বাচিত হলে, কাজ করতে অপারগতা প্রকাশ করলে সংশ্লিষ্ঠ ঠিকাদার/ব্যক্তি কর্তৃক জমাকৃত পে অর্ডার/জামানত বাজেয়াপ্ত করা হবে।**

২। দরপত্রে অংশগ্রহণে ইচ্ছুক ব্যাক্তিগণ/প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ বিস্তারিত তথ্য জানার জন্য এবং ভবন দেখার জন্য অফিস চলাকালীন সময়ে ইউসেপ বাংলাদেশ এর চট্টগ্রাম কার্যালয়ের তে যোগাযোগ করতে পারবেন। যোগাযোগ-ইঞ্জিঃ মাসুদ আলম, প্রশাসক- চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় ০১৭৬২-৩৪২৮৯৭)

৩। সরকারী বিধিবিধান মোতাবেক দরদাতাকে আয়কর এবং ভ্যাট পরিশোধ করতে হবে।

৪। কৃতকার্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ আনুযায়ী চুক্তিনামা স্বাক্ষরের পর পরবর্তী ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ইউসেপ বাংলাদেশের অনুকূলে উদ্ধৃত দরপত্র মূল্যের সমূদয় টাকা এবং আয়কর ও ভ্যাট এর টাকা নগদ পরিশোধ করতে হবে।

**৫। কাজ শুরু ও সমাপ্তির সময় ঃ** চুক্তিনামা স্বাক্ষর ও কার্যাদেশ প্রদানের পর ৩ (তিন) দিনের মধ্যে কাজ শুরু করতে হবে। ইউসেপ বাংলাদেশের চট্টগ্রাম আঞ্চলিক ব্যবস্থাপকের তত্ত্বাবধানে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কাজ সমাপ্ত করে সকল মালামাল নিয়ে কর্মস্থান ত্যাগ করতে হবে। তবে ইউসেপ বাংলাদেশে কোন কারণ দর্শানো ব্যতীরেকে প্রয়োজনে কাজ বন্ধ রাখতে পারে।

**৫ (ক) কাজের সময় ঃ** সকাল ৮-৩০ ঘটিকা হইতে বিকাল ৫ ঘটিকা পর্যন্ত। এই সময় ব্যতীত ঠিকাদারের কোন লোক অফিস ক্যাম্পাসে অবস্থান করতে পারবে না। তবে ইউসেপের অনুমোদন সাপেক্ষে ঠিকাদার কর্তৃক নিয়োগপ্রাপ্ত নিরাপত্তাকর্মী নিরাপত্তার স্বার্থে রাতে অবস্থান করতে পারবে।

৫ (খ)। উল্লেখ থাকে যে, যথাসময়ে কার্যসম্পাদনের জন্য ইউসেপের অনুমোদন সাপেক্ষে নিজস্ব খরচে পর্যাপ্ত আলো ও নিরাপত্তাবিধির ব্যবস্থা করে রাত ১০ ঘটিকা পর্যন্ত কাজ করা যাবে। তবে এক্ষেত্রে ইউসেপ বাংলাদেশ কোন দুর্ঘটনার দায়ভার বহন করবে না।

**৬। নিরাপত্তা বিধি**

**কর্মীর নিরাপত্তাঃ** বিল্ডিং ভাঙ্গার সময় নিয়মানুযায়ী কর্মীর সকল সুরক্ষা সামগ্রী (পিপিই) পরিধান করে কাজ করতে হবে। বিল্ডিং ভাঙ্গার সময় কোন দুর্ঘটনা ঘটলে ঠিকাদারকে সকল দায়দায়িত্ব গ্রহণ করতে হবে। ইউসেপ বাংলাদেশ কোন ভাবেই কোনো দুর্ঘটনার দায়ভার গ্রহণ করবে না।

**পরিবেশগত নিরাপত্তাঃ** আশপাশের পরিবেশের যথাযথ নিরাপত্তা গ্রহণ করে কাজ করতে হবে, বিল্ডিং ভাঙ্গার সময় যদি কোন সমস্যা দেখা দেয় তবে ঠিকাদারকে সকল দায়-দায়িত্ব গ্রহণ করতে হবে।

**বৈদ্যুতিক নিরাপত্তাঃ** এটি একটি খুবই গুরুত্বপূর্ণ বিষয়। সকল বৈদ্যুতিক তার বিচ্ছিন্ন করে কাজ করতে হবে। যদি বৈদ্যুতিক লাইন ব্যবহার করতে হয় তবে কর্তৃপক্ষের কাছে অনুমতি গ্রহণ করে কাজ করতে

হবে এবং বিদ্যুৎ ব্যবহার হলে ইউসেপ বাংলাদেশ কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে।

**সাইন বোর্ড তৈরী** ঃ কাজ শুরুর পূর্বেই নিরাপত্তার জন্য সকল নিরাপত্তামূলক সাইন বোর্ড তৈরী করে স্থাপন করতে হবে।
যেমন ঃ

(১) সাবধান বিল্ডিং ভাঙ্গার কাজ চলছে।
(২) বিপদজনক এলাকা। ইত্যাদি

**ঘিরেফেলা** ঃ কাজ শুরুর পূর্বেই নিরাপত্তার জন্য বিল্ডিংয়ের চারপাশে বিল্ডিংয়ের উচ্চতা পর্যন্ত ঘিরে কাজ করতে হবে।

ধুমপান নিষিদ্ধ ঃ যেহেতু এটি স্কুল ক্যাম্পাস। তাই এই ক্যাম্পাসের ভিতরে ধুমপান বা নেশা জাতীয় দ্রব্যাদি বহন ও গ্রহণ করা সম্পুর্ণরূপে নিষিদ্ধ।

**সাউন্ড সেফটি ঃ**

১। মেশিনারীজের সাউন্ড যেন পরিবেশকে দূষিত না করে ।
২। গান বাজনা করা সম্পুর্ণভাবে নিষিদ্ধ।
৩। কর্মস্থানে উচ্চস্বরে কথা বলা বা খারাপ উক্তি করা যাবে না।
৪। অত্র ক্যাম্পাস ও আশপাশের শিক্ষার্থীদের উত্যক্ত করা বা ইভটিজিং সম্পূর্ণভাবে নিষিদ্ধ।

**ডাস্ট সেফটি ঃ** কাজটি করার সময় প্রচুর ধুলাবালি তৈরী হবে। তাই ধুলাবালি যেন চারদিকে না ছড়ায় তার জন্য সকল সু - ব্যবস্থা গ্রহণ করে কাজ করতে হবে।

**অগ্নি নিরাপত্তা ঃ** যে সকল স্থানে আগুন লাগার সম্ভাবনা আছে সেই সকল স্থানে সকল নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করে কাজ করতে হবে।

**ফাস্ট এইড বক্স** ঃ কর্মীর নিরাপত্তার জন্য কর্মস্থলে অবশ্যই ফাস্ট এইড বক্স রাখতে হবে।

৭। বিল্ডিং ভাঙ্গার জন্য সকল আধুনিক যন্ত্রপাতি ব্যবহার করতে হবে।
৮। কাজের জন্য প্রয়োজনীয় সকল যন্ত্রপাতি ঠিকাদার সরবরাহ করবে।
৯। ঠিকাদার নিজ খরচে সকল ভাঙ্গারী মালামাল এবং সকল ময়লা আর্বজনা প্রতি দিনের টা প্রতিদিন কর্মস্থান থেকে সরিয়ে নিতে হবে। কোন মালামাল অত্র ক্যাম্পাসে রাখা যাবে না।
১০। কাজ চলাকালীনের পূর্বে ঠিকাদারকে তার কার্যদিবসের কর্ম পরিকল্পনা প্রদান করতে হবে।

১১। কাজ চলাকালীন প্রতিটি কার্য দিবসে ঠিকাদারকে অবশ্যই কাজের স্থলে উপস্থিত থাকতে হবে এবং তার প্রত্যক্ষ তদারকিতে তার শ্রমিকগণ কাজ করবেন। কিন্তু কোন কারনে যদি ঠিকাদার কাজের স্থানে উপস্থিত থাকতে না পারেন তাহলে উপর্যুক্ত কারণ দেখাতে হবে এবং ইউসেপ বাংলাদেশ এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে অবগত করতে হবে। এ ক্ষেত্রে ঠিকাদার তার অনুপস্থিতিতে প্রজেক্টের কাজ দেখাশুনার জন্য একজন সুপারভাইজার নিয়োগ দিবেন যিনি সকল কাজ নিয়ম অনুসরণ করে কাজ করবেন।

১২। ইউসেপ কর্তৃক যদি কোন মিটিং ডাকা হয় তাহলে ঠিকাদারকে অথবা তার মনোনীত সুপাইভাইজারকে অবশ্যই মিটিং এ উপস্থিত থাকতে হবে।

১৩। ক্রয়কৃত মালিককে/ঠিকাদারকে কাজ শুরুর পূর্বে সকল বিল পরিশোধ করে কাজ করতে হবে।

১৪। কর্মস্থল বাদে অফিসের কোন স্থানে ঘোরা ফেরা করা যাবে না।

১৫। বিজ্ঞপ্তিতে বিল্ডিংয়ের পরিমাপকৃত তথ্যাদি কম বেশি হতে পারে। এজন্য অবশ্যই বিল্ডিং দেখে টেন্ডার ড্রপ করতে হবে।

১৬। প্রতিটি গাছের নিরাপত্তা গ্রহণ করে কাজ সম্পাদন করতে হবে।

১৭। সেই সাথে অন্য সকল নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করে কাজ করতে হবে।

১৮। চুক্তিতে যদি কোন তথ্য বাদ পড়ে তবে তাহা পরে মৌখিকভাবে জানানো হবে।

১৯। যদি স্থানীয় প্রশাসনের কাউকে অবহিত করতে হয় তবে তাহা নিজ দায়িত্বে করতে হবে।

২০। ঠিকাদারকে নিম্নলিখিত কাগজ জমা দিতে হবে-

১) দরপত্রটি প্রতিষ্ঠানের প্যাডে হতে হবে (প্রতিষ্ঠানের ক্ষেত্রে)।
২) কার্যদিবসের কর্ম পরিকল্পনা।
৩) প্রতিষ্ঠানের প্রোফাইল (প্রতিষ্ঠানের ক্ষেত্রে)।
৪) ট্রেড লাইসেন্স এর ফটোকপি (প্রতিষ্ঠানের ক্ষেত্রে)।
৫) ইনকাম ট্যাক্স সার্টিফিকেট
৬) ভ্যাট সার্টিফিকেট (প্রতিষ্ঠানের ক্ষেত্রে)।
৭) বিল্ডিং ভাঙ্গার কাজের অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।
৮) দরপত্র ক্রয়ের মানি রিসিপ্টের মূলকপি।

২১। ঠিকাদার চুক্তির/শর্তের কোন অংশ ভঙ্গ করলে অথবা কাজ করতে অপারগতা বা ব্যর্থ হলে অথবা অদক্ষ শ্রমিক নিয়ে কাজ করলে কর্তৃপক্ষ তার কাজের কার্যাদেশ বাতিল করে তার জমাকৃত টাকা বাজেয়াপ্ত করবেন। এ ক্ষেত্রে কোন প্রকার আবেদন বা দাবী গ্রহণযোগ্য হবে না।

২২। ইউসেপ বাংলাদেশ কর্তৃপক্ষ স্কুল যে কোন সময় কোন কারণ ছাড়াই দরপত্র বাতিল করার অধিকার রাখে।

২৩। পেনাল্টি: নির্ধারিত সময়ের মধ্যে যদি কাজ শেষ করতে না পারে তাহলে প্রথম ৫দিনের জন্য প্রদত্ত দরের শতকরা ১% হারে পেনাল্টি দিতে হবে। পরবর্তী ৭ দিনের জন্য প্রদত্ত দরের শতকরা ২% হারে পেনাল্টি দিতে হবে।

২৪। ভবন ভাঙতে কোনো দুর্ঘটনা ঘটলে বা কেউ হতাহত হলে এর জন্য ইউসেপ বাংলাদেশ কর্তৃপক্ষ দায়ী থাকবে না ।

২৫। ইউসেপ বাংলাদেশ কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। দরপত্রে শর্ত বহির্ভূত কোন সমস্যা উদ্ভব হলে সেক্ষেত্র ইউসেপ বাংলাদেশ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৬। যে কোনো প্রয়োজনে, যোগাযোগ করুন, মোঃ বাপ্পারাজ, ডেপুটি ম্যানেজার, সাপ্লাইচেইন ম্যানেজমেন্ট. ফোন: ০১৭৮৩-৭৩৩৬১৭

ব্যবস্থাপক,
প্রশাসন, ইউসেপ বাংলাদেশ,
প্লট নং- ২ ও ৩, মিরপুর-২, ঢাকা-১২১৬।
ফোন: ৪১০০২৪৫৬-৬২।